



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনা'র মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮  
১০ অক্টোবর ২০২১

নথর : ৮৬.০০.০০০০.০৮২.২০.০০৮.২১.২১৪০

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়  
স্থানীয় সরকার বিভাগ  
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং- ২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

জনাব মাসুদুল হাসান, গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-এর আবেদনের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী জেলা পরিষদ, গোপালগঞ্জ কর্তৃক নিয়ন্ত্রিত স্থিম বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং- ২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি। অনুকূলে ২.০০ (দুই) লক্ষ টাকা অবমুক্তির সরকারি মঙ্গুরি জ্ঞাপন করছি:

ক্র.	জেলা পরিষদ	ক্ষেত্র	বরাদ্দকৃত অর্থ
১.	জেলা পরিষদ, গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর উপজেলাধীন ৫৬ গোপীনাথপুর ইউনিয়নের গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ, গোপালগঞ্জ এর সংস্কার ও উন্নয়ন।	২.০০ (দুই) লক্ষ টাকা

২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঙ্গুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১- ২২১০০০৬০০/১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিয়ন্ত্রিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- (১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- (৩) এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যাতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব এ মঙ্গুরির অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

ই-মেইলঃ [lgz@lgd.gov.bd](mailto:lgz@lgd.gov.bd)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮  
১০ অক্টোবর ২০২১

নথর : ৮৬.০০.০০০০.০৮২.২০.০০৮.২১.২১৩৯/১(২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা))
২. সদস্য, ভোত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গোপালগঞ্জ।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ব্রাক্ষণবাড়িয়া জেলা।
১১. প্রোগ্রামাৰ, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
১২. জনাব মাসুদুল হাসান, গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব

৩৫

বিসমিল্লাহির রহমানির রাহীম

## গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ

নেং গোপীনাথপুর ইউনিয়ন, মেরি গোপীনাথপুর, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-৮১০০।

স্মারক:

তারিখ: ২১/১২/২০২১

বরাবর,  
মাননীয় মন্ত্রী  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ, গোপালগঞ্জ এর নির্মাণ কাজে সহায়তার আবেদন।

মহোদয়, যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনোদন নিবেদন এই যে, গোপালগঞ্জ জেলার সদর উন্নয়নের গোপীনাথপুর গ্রামে গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ অবস্থিত। এই মসজিদটিতে মুসল্লীগণ দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ের পাশাপাশি জুম্মার নামাজ আদায় করে থাকেন। এছাড়া এ মসজিদ ঘিরে মন্তব্য, কোরআন শিক্ষাও পরিচালিত হয়ে আসছে। এলাকার গরীব ও মেহেনতী মানুষের দ্বীনি শিক্ষার অন্যতম স্থান হলো এই মসজিদ। বর্তমানে মসজিদটি এলাকার মানুষের সাহায্যে পরিচালিত হয়। মসজিদ প্রতিষ্ঠিত হবার পর অদ্য পর্যন্ত কোন গুরুত্বপূর্ণ সংস্কার উন্নয়ন হয়নি। দীর্ঘদিন পূর্বে প্রতিষ্ঠিত হলেও এখন পর্যন্ত এই মসজিদটিতে কোন উন্নয়ন হয়নি। ফলে নিয়মিত নামাজ আদায়ে মুসল্লীগণকে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। এছাড়া মসজিদের নামে কোন স্থায়ী সঞ্চয়/আমানত নেই। সম্প্রতি মসজিদটি সংস্কারের পরিকল্পনা গ্রহণ করা হলেও প্রয়োজনীয় অর্থের অভাবে তা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। মসজিদের ক্ষেত্রে টাইলস, মিনার, টয়লেট, সীমানা প্রাচীর, ওয়ার সিডি নির্মাণ করা জরুরী হয়ে পড়েছে। সেপ্রেক্ষিতে মসজিদটির সংস্কারের জন্য আর্থিক সহায়োগিতা একান্ত প্রয়োজন।

অতএব গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ সংস্কার এবং উন্নয়নের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা আর্থিক সহযোগীতা দানে আপনার একান্ত মর্জি হয়।

তারিখ: ২১/১২/২০২১

জেলা পরিষদ অধিদাখি  
তারিখ: ২১/১২/২০২১

বিনোদন নিবেদক

এলাকাবাসীর পক্ষে  
মাসুদুল হাসান  
(মাসুদুল হাসান)

গোপীনাথপুর কাজি বাড়ী জামে মসজিদ  
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

তারিখ: ০৬/১২/২০২১

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন  
ও সমবায় মন্ত্রণালয়  
(মন্ত্রীর দণ্ডর)